ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬২১
আগরতলা, ২৯ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"মাথা ঘোরা-র রোগীকে কিডনির ওষুধ, একশোয় ১৪ এর যোগ্যতা," এই শিরোনামে ১৫ আগস্ট, ২০২৫ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের তরফ থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, গত ০১ আগস্ট, ২০২৫ থেকে ১৫ আগস্ট, ২০২৫ পর্যন্ত জিবিপি হাসপাতালের মহিলা মেডিসিন ওয়ার্ডের ইউনিট-৪এ নমিতা আক্তার নামের কোনও রোগীর ভর্তির রেকর্ড পাওয়া যায়নি। মহিলা মেডিসিন ওয়ার্ডের ইউনিট-১ থেকে ইউনিট-৬ পর্যন্ত সকল ইউনিটের ভর্তির রেজিস্টার (উল্লেখিত সময় সীমার মধ্যে) সুচারুভাবে পর্যালোচনা করা হয়েছে এবং কোথাও নমিতা আক্তার নামের কোনও রোগীর ভর্তির তথ্য পাওয়া যায়নি। এছাড়াও, সংবাদপত্রে উল্লিখিত মমতা বেগম নামের কোনও রোগীর তথ্যও জেনারেল মেডিসিন বিভাগের ইউনিট-৪-এর ভর্তির রেজিস্টারে গত ০১ আগস্ট, ২০২৫ থেকে ১৫ আগস্ট, ২০২৫ তারিখের মধ্যে পাওয়া যায়নি। তবে, মহিলা মেডিসিন ওয়ার্ডে মমতা বেগম নামের একজন রোগী ভর্তি হয়েছিলেন এবং তাঁকে গত ১২ আগস্ট, ২০২৫ তারিখের সকালে হাসপাতাল থেকে রিলিজ দেওয়া হয়। রিলিজের সময় রোগী ক্লিনিক্যালি ও হিমোডাইনামিক্যালি স্থিতিশীল অবস্থায় ছিলেন এবং তাঁর শারীরিক অবস্থার উপযোগী ও প্রচলিত চিকিৎসা-পদ্ধতি অনুযায়ী ওষুধের প্রেসক্রিপশন প্রদান করা হয়।

*****